শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
www.orgbdr.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০১.১১.০০১(অংশ-২).২০-৬০০

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯ / ০৭ জুলাই ২০২২

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ এর নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://orgbdr.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হইবে না।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুসারে)	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	কম্পিউটার অপারেটর বেতন স্কেল ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩	০১ (এক) টি	অনূর্ধ্ব ৩০ বছর	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে; (গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫ টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে; (ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে; (ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।	সাতক্ষীরা, লক্ষীপুর, কুষ্টিয়া, বরিশাল এবং কুমিল্লা জেলার প্রার্থীগণ ব্যতিত সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। তবে, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।
০২	ব্যক্তিগত সহকারী বেতন স্কেল ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩	০২ (দুই) টি	অনূর্ধ্ব ৩০ বছর	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) বাংলা ও ইংরেজি সাঁটলিপি লিখনে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ এবং মুদ্রাক্ষর লিখনে সর্বনিম্ন প্রতি মিনিটে	

				যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতি থাকিতে হইবে; (গ) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে; (ঘ) লিখিত পরীক্ষা এবং সাঁটলিপি ও মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।	
০৩	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর বেতন স্কেল ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬	০২ (দুই) টি	অনূর্ধ্ব ৩০ বছর	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) কম্পিউটারে মুদ্রাক্ষর লিখনে সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকিতে হইবে।	

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করিতে হইবে:

০১। বয়স: **১৮/০৭/২০২২** খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

০২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের অনাপত্তি সনদের মূলকপি অবশ্যই দাখিল করিতে হইবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হইলে তাহা অনুসরণ করা হইবে।

০৪। মিথ্যা তথ্য ও কাগজপত্রাদি দাখিল করিলে এবং তাহা পরবর্তীতে প্রমাণিত হইলে নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

০৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং অনলাইনে পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করিতে হইবে। এছাড়া নিজ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, জন্ম নিবন্ধন সনদের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করিতে হইবে।

০৬। লিখিত পরীক্ষায় বিজ্ঞপ্তির ক্রমিক ০১ নং পদের জন্য বাংলা, ইংরেজী, গণিত ও কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান বিষয়ে মোট ৯০ নম্বর, ০২ নং পদের জন্য বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ১০০ নম্বর এবং ০৩ নং পদের জন্য বাংলা, ইংরেজী গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ৭০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। সবগুলো পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় এবং প্রয়োজনীয় ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

০৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

০৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://orgbdr.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন।

i) Online এ আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৮/০৭/২০২২ খ্রি: সকাল ১০:০০ টা।

ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪/০৮/২০২২ খ্রি: বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তাঁর সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) পিক্সেল ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) পিক্সেল স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হইতে হইবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন। পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে দায়ী থাকিবেন।

ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকিলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করিতে পারিবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।

প্রথম SMS: **ORGBDR<Space>UserID** লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে।
Example: **ORGBDR ABCDEF**
Reply: Applicant's Name, Tk 112 will be charged as application fee, Your PIN is 123456789. To pay fee type ORGBDR<Space>YES<Space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: ORGBDR<Space>Yes<Space>PIN লিখে 16222 নম্বরে Send করিতে হইবে।
Example: **ORGBDR Yes 1234567**
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ORGBDR Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://orgbdr.teletalk.com.bd ওয়েবসাইটে, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের www.orgbdr.gov.bd ওয়েবসাইট এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

i) User ID জানা থাকিলে:

ORGBDR<Space>Help<Space>User<Space>UserID & Send to 16222. Example: **ORGBDR Help User ABCDEF**

ii) PIN Number জানা থাকিলে:

ORGBDR<Space>Help<Space>PIN<Space>PIN Number & Send to 16222. Example: **ORGBDR Help PIN 12345678.**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় ওয়েবসাইট www.orgbdr.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.orgbdr.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা **alljobs.query@teletalk.com.bd** ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject এ Organization Name: ORGBDR, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৯। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১০। এই নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। এই সংক্রান্ত বিস্তারিত তথ্য এই কার্যালয়ের ওয়েবসাইটে (www.orgbdr.gov.bd) পাওয়া যাইবে।

07/09/2022

(মির্জা তারিক হিকমত)
ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি
ই-মেইল: drg2@orgbdr.gov.bd